



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সঙ্গে বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৩ জুন ২০২৪।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশনের (ইউজিসি) সাথে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৪-২৫) স্বাক্ষরিত হয়েছে। রবিবার সকাল সাড়ে দশটায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশনের সম্মেলন কক্ষে এ কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এবং সভাপতিত্ব করেন ইউজিসির চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) মো. আবু হাসান ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশনের পক্ষে সচিব ড. ফেরদৌস জামান বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ) স্বাক্ষর করেন। এ সময় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম, ডেপুটি রেজিস্ট্রার (উচ্চ শিক্ষা ও বৃত্তি) লুৎফর রহমান আরিফ প্রমুখ উপস্থিত ছিলেন।

১৫/২০২৪

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

